দামুড়হুদায় গোসল করতে গিয়ে নিখোঁজের ৩৬ ঘণ্টা পর বৃদ্ধার লাশ উদ্ধার

দামুড়হুদা উপজেলার পুরাতন বাস্তপুর গ্রামের মৃত জুবান মালিতার স্ত্রী জায়েদা খাতুন মাথাভাঙ্গা নদীতে গোসল করতে গিয়ে স্রোতে নিখোঁজ হয়। দুইদিন ধরে ডুবুরি দল ব্যর্থ চেষ্টা করে ফিরে যান নিজের গন্তব্যস্থলে। স্থানীয় এলাকাবাসীর সন্ধানে অবশেষে ৩৬ ঘন্টা পর রবিবার দিবাগত রাত দেড়টার দিকে নিখোঁজ হওয়া ঘাট থেকে প্রায় ছয় কিলোমিটার দূরে উপজেলার পারকৃষ্ণপুর ব্রিজের পিলারে লাশটি আটকে ছিল। আজ সোমবার সকাল ৯ টার সময় জানাজা শেষে পুরাতন বাস্তপুর কবরস্থানে দাফন সম্পন করা হয়।
উল্লেখ থাকে যে, জানাযায় চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার পুরাতন বাস্তপুর মালিতা পাড়ার জুবান বিশ্বাসের স্ত্রী জায়েদা বানু (৭০) মাথাভাঙ্গা নদীতে গোসল করতে গিয়ে ডুবে যায়। খবর পেয়ে এলকার লোকজন অনেক খোজাখোজির পরও পাওয়া যায়নি।

পরে দর্শনা ফায়ার সার্ভিস টিমকে খবর দিলে টিম লিডার নাসির উদ্দীন ঘটনাস্থলে পৌয়ছায়। দর্শনা ফায়ার সার্ভিস সার্ব অফিসার নাসির উদ্দীনের মাধ্যমে খুলনা ডুবরি টিমকে খবর দিলে টিম লিডার মোশাররফ হোসেনের ৬ সদস্য টিম নিয়ে পানির নিচে খোজ করেন ডুবুরি দল ৭ ঘন্টা খোজ করার পর ও ডুবে যাওয়া নারীর খোঁজে পাওয়া যায়নি। পরের দিন সকাল সাতটার সময় থেকে আবার খোঁজার কাজ শুরু করেন। একটানা ৫ ঘন্টা পানির নিচে অনুসন্ধান চালিয়ে সন্ধান মেলেনি বৃদ্ধ নারীর মরদেহ।

৩৬ ঘন্টা পর স্থানীয় ও এলাকাবাসীর সহযোগিতায় পারকৃষ্টপুর পুর ব্রীজের নিচে থেকে লাশ উদ্ধার করা হয়। পরে দর্শনা থানার পুলিশ সুরতহাল রিপোর্ট শেষে লাশ পরিবারের নিকট হস্তান্তর করেন। খবর পেয়ে দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা সন্ধা সাড়ে ৬ টার দিকে মৃত ব্যাক্তির পরিবারের শান্তনা দেন এবং মৃত ব্যাক্তির ছেলে আক্তারুল ইসলামের হাতে আর্থিক সহায়তা তুলে দেন। এসময় উপস্থিত ছিলেন হাউলি ইউনিয়ন পরিষদের সদস্য আব্দুল হান্নান, উপজেলা পি আই ও অফিস সহায়ক জাকির হোসেনসহ স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ ।

জীবননগরে রাস্তার কাজের উদ্বোধন অনুষ্ঠানে এমপি টগর

জীবননগরে ২কোটি ৬৫লাখ ১৫হাজার টাকা ব্যায়ে ৪টি রাস্তার কাজের উদ্বোধন করা হয়েছে।

আজ সোমবার বিকাল সাড়ে ৪টার সময় প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে জীবননগর উপজেলার সীমান্ত ইউনিয়নের কয়া,ধান্যখোলা,হরিহরনগর ও মেদনীপুর গ্রামে এ রাস্তার কাজের উদ্বোধন করেন চুয়াডাঙ্গা-২ আসনের সংসদ সদস্য হাজী মোঃ আলী আজগার টগর।

রাস্তা উদ্বোধন কালে প্রধান অতিথি বলেন,বাংলাদেশে যত উন্নয়নমূলক কাজ হয়েছে সব আওয়ামীলীগ সরকারের আমলে হয়েছে। মাননীয় প্রধান মন্ত্রী শেখ হাসিনা সব সময় দেশ ও দেশের মানুষের উন্নয়নের জন্য কাজ করে থাকে। গ্রাম এখন শহরে রুপ নিয়েছে প্রতিটি গ্রামে রাস্তা ,ঘাট,স্কুল, কলেজ,মাদরাসা,এমন কোন জায়গা নেই যেখানে দেশনেন্ত্রী শেখ হাসিনার ছোয়া লাগেনী। গ্রামের মধ্যে রাস্তার পাশে এখন ড্রেন নিমান করা হচ্ছে যেটা কখনও গ্রামের মানুষ ভাবেনি গ্রামের মধ্যে ড্রেন হবে সেটা প্রধানমন্ত্রী করে দিচ্ছেন ।

এত উন্নয়নমূল কাজ করা সত্বেও জামায়াত-বিএনপির নেতাদের এ সমস্থ উন্নয়নমূলক কাজগুলো চোখে পড়বে না। আগামি জাতীয় সংসদ নিবাচন এই নিবাচনে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার হাতকে শক্তিশালী করতে হবে এবং আমরা সকলে একত্রিত হয়ে জামায়াত-বিএনপির অপপ্রচারের জবাব দিব।

এ সময় আরো উপস্থিত ছিলেন, জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী হাফিজুর রহমান, জীবননগর পৌর সভার মেয়র মোঃ রফিকুল ইসলাম, উপজেলা আওয়ামীলীগের সাবেক সভাপতি গোলাম মোতুজা, জীবননগর উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আব্দুস সালাম ঈশা, জীবননগর পৌর আওয়ামীলীগের সাধারন সম্পাদক ও সাবেক মেয়র জাহাঙ্গীর আলম, সীমান্ত ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি আব্দুল মালেক মোল্লা, মদনা ইউপি চেয়ারম্যান জাকারিয়া আলম,সীমান্ত ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ইসাবুল ইসলাম মিল্টন প্রমুখ।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

বন্ধে ও আইনশৃঙ্খলা উন্নয়নের পাশাপাশি সকল নাগরিককে ভূমিকা রাখতে হবে। উন্নয়নের ধারা অব্যাহত রাখতে সকলকে ঐক্যবদ্ধভাবে কাজ করার আহবান জানান। তিনি এসময় দামুড়হুদা বাসস্ট্যান্ডে যে যানজট সৃষ্টি হয়, সেজন্য তাৎক্ষনিকভাবে দামুড়হুদা মডেল থানার ওসি আলমগীর কবীরকে বিষয়টি দেখার জন্য নির্দেশনা দেন।মাসিক সভা শেষে মডেল থানার ওসি আলমগীর কবির সরোজমিনে তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণ করেন ও অবৈধভাবে গড়ে ওঠা দোকানপাট সরিয়ে দেন।

দামুড়হুদার জয়রামপুরে যুবকের আত্ম*হত্যা

দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নের জয়রামপুর গ্রামে হতাশাগ্রস্থ বেকার এক যুবক আত্মহত্যা করেছে। গত শনিবার দিনগত গভীর রাতে নিজ বাড়িতে তিনি আত্মহত্যা করেন। আত্মহত্যা কারী হলো জয়রামপুর চৌধুরী পাড়ার হাচাদ আলীর ছেলে রিফাত আলী (২১)।

পারিবারিক ও পুলিশ সূত্রে জানা গেছে রিফাত আলী তার নানার বাড়িতে বসবাস করতো। সে একজন বেকার ও হতাশাগ্রস্ত যুবক ছিল। সে নিয়মিত কোন কাজকর্ম করতো না বেকার। তার মা বিদেশ থাকে। বিদেশ থেকে যে টাকা পাঠায় সে টাকায় তার সংসার চলে, সে নিয়মিত কোন কাজকর্ম করে না। গত দুই মাস তার মা টাকা পাঠানো বন্ধ করে দিলে তার নিজ বসতঘরের এক রুমের ঘরের টিনের চাল বাদে, বাদবাকি সব ঘড়ের টিনের চাল সহ সংসারের বিভিন্ন জিনিসপত্র বিক্রয় করে দেয়। চরম হতাশা থেকেই সে রাতের কোন এক সময় নিজ বসতঘরের আড়ায় গলায় গামছা পেচিয়ে আত্মহত্যা করে বলে মর্মে বিষয়টি নিশ্চিত করেন তার স্ত্রী।

তার স্ত্রী আরো বলেন, আমার স্বামী নিয়মিত কোন কাজ কাম করতো না, সে মাঝে মাঝে মিস্ত্রির কাজে যেত কিন্তু নিয়মিত না। আমার শাশুড়ি বিদেশ থেকে টাকা পাঠাতো ওই টাকাই সে সংসার চালাতো, টাকা পাঠানো বন্ধ করে দিলে সে চরম হতাশায় পড়ে যাই। যার কারনে সে আত্মহত্যা করতে পারে। আমার শ্বশুর বিয়ে করে অন্যত্র থাকে। সকালে বিষয়টি জানাজানি হলে দামুড়হুদা মডেল থানা পুলিশ সংবাদ পেয়ে লাশ

উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতাল মর্গে লাশ ময়নাতদন্তের জন্য পাঠানো হয়। পারিবারিক জীবনে তিনি এক কন্যা সন্তানের জনক ছিলো। তার বর্তমান বয়স আড়ায় বছর।

এবিষয়ে দামুড়হুদা মডেল থানার ওসি অপারেশন শফিউল আলম বলেন, লাশ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য চুয়াডাঙ্গা সদর হাসপাতাল মর্গে প্রেরণ করা হয়েছে। এ বিষয়ে থানায় একটি অপমৃত্যু মামলা দায়ের করা হয়েছে।

দর্শনায় বিএনপি নেতা নাহারুল মাষ্টার গ্রেফতার

দর্শনায় বিএনপি নেতা নাহারুল ইসলাম ওরফে নাহারুল মাষ্টার(৪৬) কে গ্রেফতার করেছে দর্শনা থানা পুলিশ।

আজ শনিবার দুপুর ২ টার দিকে দর্শনা পুরাতন বাজার মোড় থেকে তাকে গ্রেফতার করা হয়। সে বাংলাদেশ জাতীয়তাবাদি দল (বিএনপি) দর্শনা পৌর শাখার সাবেক সাংগঠনিক সম্পাদক ও পৌর এলাকার পরানপুর গ্রামের মৃত শামছুদ্দিনের ছেলে।

দর্শনা থানার অফিসার ইনচার্জ ইন্সপেক্টর (ওসি) বিপ্লব কুমার সাহা জানান, পুরাতন নাশকতা মামলায় দর্শনা পরানপুর গ্রামের নাহারুল ইসলামকে গ্রেফতার করা হয়।

গ্রেফতারকৃতকে গতকার শনিবার বিকালে চুয়াডাঙ্গা কোর্ট হাজতে প্রেরন করেছে পুলিশ।

দর্শনায় ফেনসিডিল সহ জীবননগরের ইকবাল গ্রেফতার

দর্শনায় মাদক বিরোধী অভিযানে ইকবাল হোসেন (৩৮) নামের এক মাদক ব্যবসায়ীকে গ্রেফতার করেছে পুলিশ। আজ শনিবার সকালের দিকে দর্শনা- হিজলগাড়ি সড়কের দর্শনা দক্ষিণ চাঁদপুর গ্রামের হল্ট স্টেশন বাজার সংলগ্ন স্থান থেকে তাকে গ্রেফতার করে।

গ্রেফতারকৃত মাদক ব্যবসায়ী চুয়াডাঙ্গা জেলার জীবননগর উপজেলার সদরপাড়ার (পশ্চিমপাড়া) বাবলু রহমান খোকনের ছেলে।
পুলিশ জানায়, আজ শনিবার বেলা পৌনে ১২ টার দিকে দর্শনা থানার অফিসার ইনচার্জ ইন্সপেক্টর (ওসি) বিপ্লব কুমার সাহার নেতৃত্বে থানার এসআই শামিম রেজা সঙ্গীয় অফিসার ও ফোর্সসহ মাদক বিরোধী অভিযান পরিচালনা করেন দর্শনা পৌর এলাকার দক্ষিন চাঁদপুর গ্রামে।

এসময় গ্রামের দর্শনা-হিজলগাড়ি আঞ্চলিক সড়কের রাজুর হোটেল এন্ড রেস্টুরেন্ট হোটেলের সামনের পাকা রাস্তার উপর হতে আমদানী নিষিদ্ধ ভারতীয় ১৫ বোতল ফেনসিডিল সহ ইকবাল হোসেন (৩৮) নামের এক মাদক ব্যবাসায়ীকে গ্রেফতার করে।

গ্রেফতারকৃত আসামির বিরুদ্ধে দর্শনা থানায় নিয়মিত মামলা রুজু করা হয়েছে।

দামুড়হুদায় মাথাভাঙ্গা নদীতে গোসল করতে গিয়ে বৃদ্ধা নিখোঁজ

দামুড়হুদা মাথাভাঙ্গা নদীতে গোসল করতে নেমে এক বৃদ্ধা নিখোঁজের ঘটনা ঘটেছে। ঘটনার পর থেকে দর্শনা ফায়ার সার্ভিসের কর্মীরা উদ্ধারের কাজে ব্যস্ত রয়েছে।

স্থানীয়রা ও পরিবারের স্বজনরা জানান আজ শনিবার দুপুর ১ টা ৩০ মিনিটের দিকে দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নের রঘুনাথপুর মালিতা পাড়ার জুবান মন্ডলের স্ত্রী জায়েদা খাতুন (৬৫) প্রতিদিনের ন্যায় বাড়ির পাশেই মাথাভাঙ্গা নদীতে গোসল করতে যায়। নদীতে নেমে ডুবদিয়ে গোসল করার সময় নিখোঁজ হন জায়েদা।

তাৎক্ষণিকভাবে স্থানীয়রা অনেক খোঁজাখুঁজি করে না পেয়ে ফায়ার সার্ভিসকে খবর দেন।

এবিষয়ে দর্শনা ফারার সার্ভিসের ফায়ার ফাইটার জিয়াউর রহমান বলেন, আমরা খবর শোনার পরপরই আমাদের একটি দলসহ স্থানীয় লোকজন প্রায় তিন ঘন্টা চেষ্টা করেও উদ্ধার করা সম্ভব হয়নি।

আমরা খুলনা থেকে ভুবুরি আসার জন্য বলেছি, ইতিমধ্যেই তারা রওনা হয়েছে। ডুবুরির দল এসে কাজ শুরু করলে অবশ্যই আমরা লাশ উদ্ধার করতে সক্ষম হবো। শেষ খবর সাড়ে ৩ ঘন্টায়ও মাথাভাঙ্গা নদী থেকে বৃদ্ধার লাশ উদ্ধার করা সম্ভব হয়নি। তবে স্থানীয়রা উদ্ধার কাজ চালিয়ে যাচ্ছে।

চুয়াডাঙ্গায় রেল বাজার ওভারপাস নির্মাণ কাজের শুভ উদ্বোধন

চুয়াডাঙ্গায় রেলবাজার রেলওয়ে ওভারপাস নির্মাণকাজের শুভ উদ্বোধন করা হয়েছে। শনিবার বেলা সাড়ে এগারোটার সময় শহরের একাডেমি মোড়ে ভিত্তিপ্রস্তর উন্মোচন করেন চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগের সভাপতি চুয়াডাঙ্গা- ১ আসনের সংসদ সদস্য বীর মুক্তিযোদ্ধা সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুন।

এ সময় সংসদ সদস্য সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুন বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার যোগ্য নেতৃত্বের কারনে দেশ আজ উন্নয়নের মহাসড়কে উঠেছে। এই ফ্লাইওভার নির্মাণ শেষ হলে চুয়াডাঙ্গার দৃশ্য পাল্টে যাবে। আওয়ামী লীগ সরকার উন্নয়ন বিশ্বাসী।আগামী জাতীয় দ্বাদশ সংসদ নির্বাচনে দেশের মানুষ আবারো

আওয়ামী লীগ সরকার ও জননেত্রী শেখ হাসিনার নৌকা মার্কা ভোট দিয়ে জয়যুক্ত করবে এবং বিএনপি এবং যেকোনো অপশক্তির বিরুদ্ধে কড়া প্রতিবাদ জানান দিবে বাংলার জনগণ।

ওভারপাস নির্মাণ কাজের উদ্বোধন অনুষ্ঠানে সভাপতিত্ব করেন চুয়াডাঙ্গার নবাগত জেলা প্রশাসক ড. কিসিঞ্জার চাকমা।অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন পুলিশ সুপার আব্দুল্লাহ আল-মামুন, জেলা পরিষদের চেয়ারম্যান মাহফুজুর রহমান মনজু ও পৌর মেয়র জাহাঙ্গীর আলম মালিক, চুয়াডাঙ্গা পৌরসভার সাবেক মেয়র রিয়াজুল ইসলাম জোয়ার্দ্দার টোটন।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য দেন চুয়াডাঙ্গা সড়ক বিভাগের নির্বাহী প্রকৌশলী মঞ্জুরুল করিম। ৪১৯ মিটার দৈর্ঘ্য এবং ১০.২৫ মিটার প্রস্থ্যের ওভারপাস নির্মাণে ব্যয় ধরা হয়েছে ৭৫ কোটি ১১ লাখ ৭ হাজার টাকা। ওভারপাসে সর্বমোট ১৩ টি স্প্যান থাকবে। আগামী ২০২৪ সালের ৩০ জুন নির্মাণ কাজ শেষ হওয়ার কথা রয়েছে। ঠিকাদারি প্রতিষ্ঠান হিসেবে কাজ করছে ঢাকার বনানীর ন্যাশনাল ডেভেলপমেন্ট ইঞ্জিনিয়ার্স লিমিটেড।

দামুড়হুদা প্রেসক্লাবের সাংবাদিকদের সাথে নবাগত ওসি মতবিনিময় সভা অনুষ্ঠিত

দামুড়হুদা প্রেসক্লাবের সাংবাদিকদের সাথে দামুড়হুদা মডেল থানার নবাগত অফিসার ইনচার্জ (ওসি) মোঃ আলমগীর কবীরের সাথে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শুক্রবার রাত ৮টার দিকে দামুড়হুদা প্রেসক্লাবের মিলনায়তনে মতবিনিময় সভাটি অনুষ্ঠিত হয়। দামুড়হুদা প্রেসক্লাবের আয়োজনে মতবিনিময় সভায় প্রেসক্লাবের সভাপতি এম নুরুন্নবীর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি মোঃ আলমগীর কবীর।

দামুড়হুদা প্রেসক্লাবের সিনিয়র সহসভাপতি হাফিজুর রহমান কাজলের প্রাণবন্ত সঞ্চালনায় এসময় উপস্থিত ছিলেন দামুড়হুদা মডেল থানার পরিদর্শক (অপারেশন) সফিউল আলম, দামুড়হুদা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক হাবিবুর রহমান, যুগ্ন সাধারণ সম্পাদক মিরাজুল ইসলাম মিরাজ, সাংগঠনিক সম্পাদক সাজিদ হাসান সোহাগ, অর্থ সম্পাদক আহাদ আলী মোল্লা, নির্বাহী সদস্য আব্দুস সালাম, সিনিয়র সাংবাদিক ও প্রেসক্লাব সদস্য তাছির আহমেদ, মোজাম্মেল শিশির, খালেকুজ্জামান, রশেদুল ইসলাম, সালেকিন মিয়া সাগর, এসএম সুজন, রাসেল আহমেদ, রকিবুল হাসান তোতা, মশিউর রহমান তুষার সহ প্রেসক্লাবের সদস্যবৃন্দ, সাংবাদিক আশাবুল হক, মখলেছুর রহমান প্রমুখ।

মতবিনিময় সভার শুরুতেই দামুড়হুদা মডেল থানার নবাগত অফিসার ইনচার্জ (ওসি) আলমগীর কবীর কে প্রেসক্লাবের পক্ষ থেকে ফুলেল শুভেচছা দিয়ে বরণ করে নেয়া হয়।

মতবিনিময় সভায় (ওসি) মো আলমগীর কবীর বলেন, সাংবাদিকরা সমাজের দর্পণ। সমাজের পিছিয়ে পড়া জনগোষ্ঠীকে সামনে আগিয়ে নিতে বিশেষ ভূমিকা রাখেন সাংবাদিকরা। দামুড়হুদা প্রেসক্লাব একটি ঐতিহ্যবাহী সংগঠন। আমি এই সংগঠনের সকল সদস্যদের প্রতি উদাত্ত আহ্বান রাখবো যেন তাদের লেখেনির মাধ্যমে কোন ব্যক্তি বা সংগঠন ক্ষতিগ্রস্থ না হয়। আপনারা সংবাদ পরিবেশের আগে তথ্যের সত্যতা যাচায়-বাছায় করে সংবাদ পরিবেশের করবেন।

তিনি আরও বলেন, দামুড়হুদা প্রেসক্লাবের সাংবাদিকদের লেখেনির মাধ্যমে যেন রাষ্ট্রের উন্নয়নমূলক কর্মকাণ্ডগুলো বহুল প্রচারিত হয়। আপনারা থানা এলাকার যে কোনো ধরণের আপরাধমূলক কর্মকাণ্ডের তথ্য পেলেই আমাকে জানাবেন। আমি সেই তথ্যের হাঁড়ির খবর খুঁজে বের করে আপরাধ দমনে আইনগত ব্যবস্থা নেবো।

দামুড়হুদা বাঘাডাঙ্গা গ্রামের

বীর মুক্তিযোদ্ধা আলাউদ্দিনের ইন্তেকাল

দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গা ইউনিয়নের বাঘাডাঙ্গা গ্রামের বীর মুক্তিযোদ্ধা মোঃ আলাউদ্দিন (৭১) হৃদরোগে আক্রান্ত হয়ে ইন্তেকাল করেছেন (ইন্না লিল্লাহি…….রাজিউন)।

বীর মুক্তিযোদ্ধা মোঃ আলাউদ্দিন বাঘাডাঙ্গা গ্রামের ইব্রাহিম হালসোনার ছেলে। গতকাল শুক্রবার দুপুর ১ টার দিকে নিজ বাস ভবণে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন।

মৃত্যুকালে স্ত্রী, ১ ছেলে, ১ মেয়ে, নাতী, নাতনী, আত্নীয় স্বজনসহ অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন। গতকালই শুক্রবার বেলা ৫ টা ৪৫ মিনিটের সময় বীর মুক্তিযোদ্ধা মোঃ আলাউদ্দিনের নিজ বাড়ি প্রাঙ্গনে রাষ্ট্রীয় মর্যাদায় গার্ড অব অনার প্রদান করা হয়।

দামুড়হুদা উপজেলা ভারপ্রাপ্ত নির্বাহী অফিসার সজল কুমার দাসের নেতৃত্বে উপস্থিত ছিলেন দামুড়হুদা মডেল থানার ওসি অপেরেশন শফিউল আলমসহ পুলিশের একটি চৌকস দল জাতির এই সূর্য সন্তানকে গার্ড অব অনার প্রদান করে নিজ গ্রামের কবরস্থানে দাফন সম্পন করা হয়।